# 📖 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৭০

১৫/ বিধি-বিধান ও বিচার (كتاب الأحكام عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ কোন সম্প্রদায়ের ভূমিতে অনুমতি ব্যাতিরেকে যদি কেউ শস্য বপন করে।

باب مَا جَاءَ فِيمَنْ زَرَعَ فِي أَرْضِ قَوْمٍ بِغَيْرِ إِذْنِهِمْ

---

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا شَرِيكُ بْنُ عَبْدِ اللَّهِ النَّخَعِيُّ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ عَطَاءٍ، عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ زَرَعَ فِي أَرْضِ قَوْمٍ بِغَيْرِ إِذْنِهِمْ فَلَيْسَ لَهُ مِنَ الزَّرْعِ شَيْءٌ وَلَهُ نَفَقَتُهُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ مِنْ حَدِيثِ أَبِي إِسْحَاقَ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ مِنْ حَدِيثِ شَرِيكِ بْنِ عَبْدِ اللَّهِ . وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَدِيثِ عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ . وَسَأَلْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ عَنْ هَذَا الْحَدِيثِ فَقَالَ هُوَ حَدِيثٌ حَسَنٌ . وَقَالَ لاَ أَعْرِفُهُ مِنْ حَدِيثِ أَبِي إِسْحَاقَ إِلاَّ مِنْ رِوَايَةِ شَرِيكٍ .
قَالَ مُحَمَّدٌ حَدَّثَنَا مَعْقِلُ بْنُ مَالِكٍ الْبَصْرِيُّ، حَدَّثَنَا عُقْبَةُ بْنُ الأَصَمِّ، عَنْ عَطَاءٍ، عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ .

বাংলা

১৩৭০. কুতায়বা (রহঃ) ...... রাফি’ ইবনু খাদিজ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কেউ যদি কোন সম্প্রদায়ের ভূমিতে তাদের অনুমতি ছাড়া শস্য বপন করে তবে সে এই শস্য থেকে কিছুটা পাবে না। সে কেবল এর খরচা পাবে। - ইবনু মাজাহ ২৪৬৬, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৬৬ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, হাদীসটি হাসান-গারীব। শারীক ইবনু আবদুল্লাহ-এর রিওয়ায়াত হিসাবে বর্ণিত সূত্র ছাড়া আবূ ইসহাকের বর্ণিত হাদীসটি সম্পর্কে আমাদের কিছু জানা সেই। কতক আলিম এই হাদীস অনুসারে আমল করেছেন। এ হল আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। আমি মুহাম্মদ ইবনু ইসমাঈল (বুখারী) কে হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বললেন, হাদীসটি হাসান। শারীকের রিওয়ায়াত ছাড়া আবূ ইসহাকে রিওয়ায়াত হিসাবে এটিকে আমরা চিনি না। তিনি আরো বলেন, মা’কিল ইবনু মালিক বাসরী (রহঃ) এটিকে উকবা

ইবনুল আসাম্ম - আতা-রাফি’ ইবনু খাদীজ রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণনা করেছেন।

## English

Narrated Rafi' bin Khadij:
that the Prophet (ﷺ) said: "Whoever farms a people's land without their permission, then nothing he farms belongs to him and its finances are due to him."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21788

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন